পশ্চিমবঙ্গ বিনিয়োগ প্রসার নীতি, ২০২৬

সারসংক্ষেপ

এক নজরে নীতি · ৯ মে ২০২৬ থেকে কার্যকর

পশ্চিমবঙ্গ এমন বিনিয়োগ চায়, যা কর্মসংস্থান তৈরি করে, মূল্য সংযোজন করে এবং প্রতিটি জেলায় পৌঁছায়। এই নীতি কর্মসংস্থানকে সবার আগে রাখে, যেখানে প্রয়োজন সবচেয়ে বেশি সেখানে বেশি সহায়তা দেয়, এবং নির্দিষ্ট সময়সীমা মেনে চলতে সরকারকে দায়বদ্ধ করে।

সবার আগে কর্মসংস্থান

এই নীতিতে প্রতিটি নতুন কর্মসংস্থানের জন্য সুবিধা আছে। ই-পি-এফ-এ নিয়োগকর্তার অংশের একাংশ রাজ্য প্রতিপূরণ করবে, আর মহিলাদের কর্মসংস্থানের জন্য সুবিধা দেবে সবচেয়ে বেশি।

১০০%

এম-এস-এম-ই-তে মহিলা ও রূপান্তরকামী কর্মীদের জন্য, ১০ বছর যাবৎ (পুরুষদের জন্য ৫০%)

৭৫%

২০০-র বেশি কর্মী আছে এমন পরিষেবা ইউনিটে মহিলাদের জন্য, ৫ বছর যাবৎ (পুরুষদের জন্য ৫০%)

৫০%

অগ্রাধিকার এলাকায় অন্তত ২০০ জন বা অন্যত্র ৪০০ জন কর্মী আছে এমন বৃহৎ ইউনিট ও মেগা প্রকল্পে, ৫ বছর যাবৎ

সম্প্রসারণ করা ইউনিটকেও নতুন কর্মসংস্থান যোগ করতে হবে, এবং কর্মরত মহিলাদের হস্টেলের জন্য রাজ্য অনুদান দিতে পারে।

এই নীতির আওতাভুক্ত

- **ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ (এম-এস-এম-ই)**
- **বৃহৎ ইউনিট:** বড় উৎপাদনকারী ও অন্যান্য ব্যবসা
- **কৌশলগত ও মেগা প্রকল্প:** খুব বড় বা কৌশলগত প্রকল্প
- **পরিষেবা ইউনিট:** আই-টি, স্বাস্থ্যসেবা, পর্যটন, আর্থিক পরিষেবা, শিক্ষা ইত্যাদি
- **বর্তমান ইউনিট,** যারা সম্প্রসারণ বা বৈচিত্র্যকরণ করতে চায়
- **অলাভজনক প্রতিষ্ঠান**, এবং **রুগ্ন বা বন্ধ ইউনিট**

সহায়তার পরিমাণ


কোনও ইউনিট মোট কত সহায়তা পাবে, তার ঊর্ধ্বসীমা স্থির হবে প্ল্যান্ট ও যন্ত্রপাতিতে তার বিনিয়োগের (অনুমোদিত এফ-সি-আই) অনুপাতে:

১০০%	১১০%	১২০%
সাধারণ ইউনিট	থ্রাস্ট সেক্টর ইউনিট, অথবা অগ্রাধিকার এলাকার ইউনিট	অগ্রাধিকার এলাকার থ্রাস্ট সেক্টর ইউনিট

সহায়তা ঊর্ধ্বসীমায় পৌঁছালে, অথবা উৎপাদন শুরুর **১০ বছর** পরে, **যেটিই আগে হোক**, সহায়তা বন্ধ হবে। বার্ষিক সীমাও প্রযোজ্য। পরিষেবা ইউনিট সহায়তা পায় **৫ বছর**। কৌশলগত ও মেগা প্রকল্পের জন্য বেশি সহায়তা অনুমোদন করা যেতে পারে।



মোট সহায়তার ঊর্ধ্বসীমা, অনুমোদিত এফ-সি-আই-এর অনুপাতে



যেটিই আগে ঘটুক, তখনই সহায়তা বন্ধ: ঊর্ধ্বসীমায় পৌঁছানো (ক), অথবা ১০ বছর পূর্ণ হওয়া (খ)।

উৎপাদনকারী ও অন্যান্য ইউনিটের জন্য

- **এস-জি-এস-টি**-র ক্ষেত্রে আর্থিক সহায়তা
- ৫ বছর পর্যন্ত **বিদ্যুৎ শুল্ক** প্রতিপূরণ
- প্রকল্পের জমির ক্ষেত্রে **স্ট্যাম্প ডিউটি** প্রতিপূরণ
- **গবেষণা ও উন্নয়নে সহায়তা**
- **এম-এস-এম-ই-র জন্য:** ঋণের সুদ ও নতুন প্রযুক্তিতে সহায়তা

পরিষেবা ইউনিটের জন্য

পাঁচ বছরের জন্য আলাদা সুবিধা:

- **এস-জি-এস-টি**-র ক্ষেত্রে আর্থিক সহায়তা
- **ই-পি-এফ** সহায়তা
- **বিদ্যুৎ শুল্ক** প্রতিপূরণ
- লিজ নেওয়া জায়গার জন্য **ভাড়ার সহায়তা**

কোনও ইউনিট এই সুবিধা অথবা উৎপাদনকারী ইউনিটের সুবিধা, যেকোনও একটি নেবে, দুটি নয়।

অগ্রাধিকার এলাকা

রাজ্যের কম শিল্পায়িত মহকুমাগুলি, যা শিল্প ও পরিকাঠামোর একটি সূচকের ভিত্তিতে চিহ্নিত।

এখানকার ইউনিটগুলি বেশি সহায়তা পাবে: বেশি ঊর্ধ্বসীমা, ই-পি-এফ সহায়তার জন্য কম কর্মীসংখ্যার শর্ত, এবং পরিষেবা ইউনিটের জন্য অতিরিক্ত সুবিধা।

তালিকাটি প্রতি তিন বছরে পর্যালোচনা করা হবে।

থ্রাস্ট সেক্টর

নীতির পরিশিষ্ট ৩-এ তালিকাভুক্ত ক্ষেত্রগুলি থ্রাস্ট সেক্টরের অন্তর্ভুক্ত। এই ক্ষেত্রগুলির ইউনিটের জন্য বেশি ঊর্ধ্বসীমা ধার্য।

সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স · গ্রিন হাইড্রোজেন ও বর্জ্য থেকে বিদ্যুৎ · উদীয়মান ডিজিটাল প্রযুক্তি · বৈদ্যুতিক যান ও ব্যাটারি · প্রতিরক্ষা · খাদ্য ও সামুদ্রিক পণ্য প্রক্রিয়াকরণ (পশু ও মাছের খাদ্যসহ) · বস্ত্র · বায়োটেক, ফার্মা ও চিকিৎসা সরঞ্জাম · গুরুত্বপূর্ণ খনিজ প্রক্রিয়াকরণ · অটোমোবাইল উৎপাদন · গবেষণা ও উন্নয়ন · স্পেশালিটি স্টিল · পেট্রোকেমিক্যালস · বিমান শিল্প · জাহাজ নির্মাণ ও মেরিটাইম প্রশিক্ষণ

কৌশলগত ও মেগা প্রকল্প

এই প্রকল্পগুলি **প্রকল্পভিত্তিক বিশেষ সুবিধার** জন্য আবেদন করতে পারে।

তিনটি শর্তের দুটি পূরণ করলে প্রকল্পটি যোগ্য: বিনিয়োগের পরিমাণ, কৌশলগত ক্ষেত্র, এবং একর-প্রতি অন্তত ৫০টি কর্মসংস্থান।

অত্যন্ত বড় প্রকল্পগুলি রাস্তা, জল ও বিদ্যুৎ সংযোগের জন্যও সহায়তা পেতে পারে।

অলাভজনক প্রতিষ্ঠান

অলাভজনক ভিত্তিতে পরিচালিত হাসপাতাল, মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয় ও অনুরূপ প্রতিষ্ঠান, সি-এস-আর তহবিলে চলা প্রতিষ্ঠানসহ।

এদের রাজ্যে অন্তত ₹১০০ কোটি বিনিয়োগ করতে হবে, এবং ১০ বছর ধরে রাজ্য কর্তৃক প্রজ্ঞাপিত গোষ্ঠীগুলির জন্য পরিষেবা-ক্ষমতার অন্তত এক-চতুর্থাংশ উপলব্ধ রাখতে হবে।

বিনিময়ে তারা অধিক সুবিধা পাবে, যেমন ১০০% পর্যন্ত স্ট্যাম্প ডিউটি ছাড়, জমির চরিত্র বদল (কনভার্সন) ফি মকুব এবং নেট মিটারিং।

আর্থিক সুবিধার বাইরে অন্যান্য সুবিধা

সবুজ বিদ্যুৎ

পুনর্নবীকরণযোগ্য বিদ্যুতের ওপেন অ্যাক্সেসে মার্চ ২০৩০ পর্যন্ত সারচার্জ মকুব

রুগ্ন ও বন্ধ ইউনিটের পুনরুজ্জীবন

পুনরুজ্জীবিত করা সম্ভব এমন ইউনিটের জন্য বিশেষ সহায়তা: এন-সি-এল-টি-অনুমোদিত পরিকল্পনার অধীন ইউনিট, রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং রাজ্যের সহায়তাপ্রাপ্ত ইউনিট অন্যান্য সুবিধার উপরে নেট মিটারিং, বিশেষ বিদ্যুৎ সহায়তা, জমির ঊর্ধ্বসীমায় ছাড়, রিলিফ আন্ডারটেকিং মর্যাদা এবং নির্দিষ্ট পুনরুজ্জীবন সেল পাবে।

যেভাবে কাজ হবে

অনলাইনে আবেদন
সিঙ্গল উইন্ডো পোর্টালে একটিই আবেদন

৩০ দিন
সার্টিফিকেট অফ ইনটেন্ট (CoI), যাতে শর্তাবলি স্থির হয়ে যায়

৪৫ দিন
সার্টিফিকেট অফ এলিজিবিলিটি (CoE), উৎপাদন শুরুর পরে

৩০ দিন
দাবি মঞ্জুর, এবং টাকা সরাসরি ইউনিটের অ্যাকাউন্টে

পুরো সময় জুড়ে
বড় প্রকল্পের জন্য নির্দিষ্ট আধিকারিক, এবং মুখ্যসচিবের মাসিক পর্যালোচনা

সহায়তা দেওয়া হবে একটি **নির্দিষ্ট তহবিল** থেকে। নীতির পরবর্তী কোনও সংশোধনে ইতিমধ্যে স্থির হওয়া **সুবিধা কমানো হবে না**। আবেদন, অনুমোদন ও অর্থপ্রদান যতদূর সম্ভব **ফেসলেস** পদ্ধতিতে, অর্থাৎ সরাসরি সাক্ষাৎ ছাড়াই, সম্পন্ন হবে।